



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬



ফোন: ০২৩৩৪৪১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৮৫১

তারিখ: ২৪/০৯/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) প্রথম বর্ষ (২০২৬-২৭ শিক্ষাবর্ষ) ভর্তি পরীক্ষা ৫, ৬ ও ৭ ফেব্রুয়ারি, ২০২৭

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০২৬-২৭ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা আগামী ৫, ৬ ও ৭ ফেব্রুয়ারি ২০২৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত হবে। ৫ ফেব্রুয়ারি ২০২৭ তারিখ 'এ' ইউনিট (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) সকাল ১১.০০ ঘটিকায়, ৬ ফেব্রুয়ারি ২০২৭ তারিখ 'বি' ইউনিট (কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং আইন অনুষদ) বিকাল ৩.০০ ঘটিকায় এবং ৭ ফেব্রুয়ারি ২০২৭ তারিখ 'সি' ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ) সকাল ১১.০০ ঘটিকায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা আগামী ১৫ নভেম্বর, ২০২৬ তারিখ থেকে ১০ ডিসেম্বর, ২০২৬ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে। শিক্ষার্থীদের সুবিধার্থে কুমিল্লার পাশাপাশি চট্টগ্রাম ও রাজশাহীতে ভর্তি পরীক্ষার কেন্দ্রের ব্যবস্থা করা হবে।

মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম এম শরীফুল করীম'র সভাপতিত্বে আজ (২৪ সেপ্টেম্বর) বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকায় কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি বিভিন্ন গণমাধ্যম, কুবি ওয়েবসাইট এবং বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুকে (ভেরিফাইড) বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানানো হবে।

(মোহাম্মদ এমদাদুল হক)

ডেপুটি রেজিস্ট্রার

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি